# 2021

## PHILOSOPHY — HONOURS

**Paper : DSE-B-2(a)**

**(Swāmi Vivekānanda)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি চিহ্নিত করো (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) মানুষের যথার্থ স্বরূপ সম্পর্কিত বক্তৃতা স্বামী বিবেকানন্দ যে স্থানে দিয়েছিলেন, তা হল

(অ) কলকাতা (আ) লন্ডন

(ই) নিউ ইয়র্ক (ঈ) মাদ্রাজ।

(খ) একত্বের অনুসন্ধান করা হয় যে দর্শনে তা হল

(অ) বৌদ্ধ (আ) সাংখ্য

(ই) বেদান্ত (ঈ) ন্যায়।

(গ) বিবেকানন্দের মতে হিন্দুরা বিশ্বাস করেন যে সর্বপ্রকার শক্তি যার বিভিন্ন রূপমাত্র তা হল

(অ) মন (আ) দেহ

(ই) প্রাণ বা আত্মা (ঈ) ইন্দ্রিয়সমূহ।

(ঘ) বিবেকানন্দের বক্তব্য অনুসারে, দ্বৈতজ্ঞান সম্পূর্ণ

(অ) সত্য (আ) মিথ্যা

(ই) সত্য ও মিথ্যা উভয় (ঈ) কোনোটিই নয়।

(ঙ) ধর্মের প্রসঙ্গে বিবেকানন্দ বলেন যে প্রত্যেক ধর্মের তিনটি ভাগ থাকে, যথা

(অ) দার্শনিক ভাগ, পৌরাণিক ভাগ ও আনুষ্ঠানিক আচার-বিচার

(আ) পৌরাণিক ভাগ, আচার-বিচার ও ইতিহাস

(ই) আচার-অনুষ্ঠান, যজ্ঞে আহুতি, দেবালয়

(ঈ) পূজার্চনা, ধর্মীয় গ্রন্থপাঠ, দেবস্থানে যাওয়া।

**Please Turn Over**

(চ) বিবেকানন্দ 'যোগ' শব্দটিকে ক'টি ভিন্ন নামে অভিহিত করেছেন?

(অ) এক (আ) দুই

(ই) তিন (ঈ) চার।

(ছ) স্বামী বিবেকানন্দ বিশ্বধর্ম মহাসম্মেলনে যোগ দেন ও ভারতের প্রকৃত বাণী জগৎময় ছড়িয়ে দেন— এই মহাসম্মেলন অনুষ্ঠিত হয়েছিল

(অ) লন্ডনে (আ) নিউ ইয়র্কে

(ই) শিকাগোতে (ঈ) ভারতবর্ষে।

(জ) সকল ধর্মের মধ্যেই দেহ-মনের পার্থক্যের ভিত্তিতে মানুষ হল বিবেকানন্দের মতে

(অ) দুই প্রকার (আ) তিন প্রকার

(ই) চার প্রকার (ঈ) পাঁচ প্রকার।

(ঝ) স্বামী বিবেকানন্দের মতে,

(অ) বেদান্ত অরণ্য ও পর্বতে বসবাসকারী ঋষিদের চর্চার উপযোগী

(আ) বেদান্ত কেবলমাত্র দার্শনিক তত্ত্বের আলোচনা

(ই) যাঁরা বেদপাঠ করেছেন তাঁরাই বেদান্ত চর্চা করতে পারেন

(ঈ) প্রায়োগিক এবং আধ্যাত্মিক উভয় ক্ষেত্রেই বেদান্তচর্চা সহায়ক।

(ঞ) 'সোঽহং, সোঽহম্' —এর অর্থ হল

(অ) সহ্য করলেই জীবনে ফল পাওয়া যায় (আ) 'আমিই তিনি, তিনিই আমি'

(ই) সহ্যগুণ বড় গুণ (ঈ) ঈশ্বরকে লাভ করতে হলে সর্বদা সত্যকথা বলতে হবে।

(ট) ক্রিয়ার বহিঃপ্রকাশ, গতি ও শক্তির প্রকাশ ঘটে যখন সত্ত্ব, রজ ও তম এই তিনটি গুণ

(অ) সাম্যাবস্থায় থাকে (আ) সাম্যাবস্থা নষ্ট হলে

(ই) যে-কোনো একটি গুণ বিনষ্ট হলে (ঈ) কোনোটিই নয়।

(ঠ) স্বামী বিবেকানন্দের নামের সাথে বেদান্ত দর্শনের যে বিশেষ দিকটি জড়িত, তা হল

(অ) বিশিষ্টাদ্বৈতবেদান্ত (আ) দ্বৈতবাদ

(ই) দ্বৈতাদ্বৈতবাদ (ঈ) প্রায়োগিক বেদান্ত।

২। ***যে-কোনো পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) মানুষের যথার্থ স্বরূপের অনুসন্ধান করতে গিয়ে স্বামী বিবেকানন্দ 'আকাশ' এবং 'প্রাণ' থেকে যাবতীয় জড় ও শক্তির বিকাশের মাধ্যমে যেভাবে সৃষ্টিপ্রণালী ব্যাখ্যা করেছেন, তা সংক্ষেপে বলো।

(খ) অদ্বৈত জ্ঞান উপলব্ধি করা কি সম্ভব? বিবেকানন্দকে অনুসরণ করে এই প্রশ্নের উত্তর দাও।

(গ) সকল ধর্মেরই কিছু আনুষ্ঠানিক আচার-নিয়ম পালনের রীতি আছে কিন্তু তা নিয়ে ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বীরা যেভাবে পরধর্মের সমালোচনা ও নিন্দা করেন, তা উদাহরণের সাহায্যে ব্যক্ত করো।

(ঘ) সার্বভৌম ধর্মের আদর্শ বলতে বিবেকানন্দ কী বোঝাতে চেয়েছেন?

(ঙ) রাজযোগের একমাত্র আলোচ্য বিষয় কী? বিবেকানন্দের বক্তব্য অনুসারে ব্যক্ত করো।

(চ) ভক্তিযোগ সম্পর্কে বিবেকানন্দ কী বলেছেন— আলোচনা করো।

(ছ) অদ্বৈত বেদান্ত দর্শনের প্রণেতা কে? 'অদ্বৈত' শব্দটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(জ) অদ্বৈত-বেদান্তের সঙ্গে ব্যবহারিক বেদান্তের পার্থক্য আছে কি? যদি থাকে, তাহলে কয়েকটি পার্থক্যের উল্লেখ করো।

৩। ***যে-কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) স্বামী বিবেকানন্দ যেভাবে মানুষের যথার্থ স্বরূপ ব্যক্ত করেছেন, তা আলোচনা করো। ১৫

(খ) ধর্ম সম্পর্কে প্রচলিত ধ্যান ধারণা কি বিবেকান্দের কাছে গ্রহণযোগ্য ছিল? তিনি কীভাবে বিশ্বজনীন ধর্মের আদর্শ ব্যাখ্যা করেছেন, তা বলো। ৭+৮

(গ) স্বামী বিবেকানন্দের বেদান্ত-ভাবনা আলোচনা করো। ১৫

(ঘ) ব্যবহারিক জীবনে বেদান্তের প্রয়োগ কি সম্ভব? আলোচনা করো। ১৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Mark the correct answer (***any ten***) : 1×10

(a) The place where Swāmi Vivekānanda delivered his speech on the real nature of man is

(i) Kolkata (ii) London

(iii) New York (iv) Madras.

(b) The Philosophy which is a search for *ekatva* or one-ness is

(i) Buddhism (ii) Sāṃkhya

(iii) Vedānta (iv) Nyāya.

(c) According to Vivekānanda, the Hindus believe that all types of energy are the manifestations of

(i) Mind (ii) Body

(iii) Prāṇa or Soul (iv) Sense organs.

(d) As stated by Vivekānanda, the knowledge of dualism is absolutely

(i) true (ii) false

(iii) both true and false (iv) None of these.

(e) In the context of religion, Vivekānanda says that every religion has three parts which are :

(i) philosophical, mythological, ritual part

(ii) mythological, ritual and historical part

(iii) ritual part, sacrifices in yajña, Temple

(iv) worshipping, reading religious books, visiting religious places.

(f) How many different uses of the word 'Yoga' have been made by Vivekānanda?

(i) One (ii) Two

(iii) Three (iv) Four.

(g) Swāmi Vivekānanda took part in the Parliament of the World's Religions and catered the true message of India throughout the world – this Parliament was held in

(i) London (ii) New York

(iii) Chicago (iv) India.

(h) In the view of Vivekānanda, the different types in which men are divided with reference to body and mind in every religion are of

(i) two types (ii) three types

(iii) four types (iv) five types.

(i) According to Swāmi Vivekānanda

(i) study of Vedānta is suitable for sages residing in forests and mountains.

(ii) Vedānta is all about discussion of philosophical theories.

(iii) those who have gone through the Vedās are the only eligible persons who can study Vedānta.

(iv) Vedānta is helpful both in practical and spiritual field.

(j) 'So Ahaṁ, So Ahaṁ' — this sanskrit mantra means

(i) Tolerance brings results in life (ii) 'I am he/she and he/she is identical with me'

(iii) Tolerance is a great quality (iv) To achieve God, one has to always speak the truth.

(k) Manifestation of action, speed and energy is possible when the three qualities, namely *sattva*, *rājas* and *tāmas* are in

(i) equilibrium (ii) the equilibrium is disturbed or destroyed

(iii) any one quality being destroyed (iv) none of the above.

(l) The name of Swāmi Vivekānanda is associated with a special designation of Vedānta which is

(i) Viśiṣṭādvaita Vedānta (Qualified Monism) (ii) Dvaitavāda (Duality or dualism)

(iii) Dvaitādvaitavāda (Dualistic non-dualism) (iv) Practical Vedānta.

**2.** Answer ***any five*** questions : 5×5

(a) State in brief, how did Swāmi Vivekānanda explain the process of creation with reference to the manifestation of matter and energy respectively from 'Ākāśa' and 'Prāṇa'.

(b) Is the realisation of the knowledge of the Advaita (Monism/non-dualism) possible? Answer this question following Vivekānanda.

(c) Every religion has some rituals to maintain which are criticized and defamed by people of other religions. Explain this point with the help of examples.

(d) What did Vivekānanda mean by the ideal of Universal religion?

(e) What should be the only topic of discussion of Raj-yoga? Explain with reference to Vivekānanda.

(f) Discuss Vivekānanda's views regarding Bhakti-yoga.

(g) Who is the founder of Advaita philosophy? Explain the significance of the term 'Advaita'.

(h) Is there any difference between Advaita Vedānta and Practical Vedānta? If so, explain some of them.

**3.** Answer ***any two*** questions :

(a) Discuss the real nature of man as it is stated by Swāmi Vivekānanda. 15

(b) Was the ideology prevalent at the time of Vivekānanda about religion acceptable to him? How did he explain the ideal of Universal religion? 7+8

(c) Discuss Swāmi Vivekānanda's thoughts about Vedānta. 15

(d) Is it possible to apply Vedānta in our practical life? Discuss. 15

———————